# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০২৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা ঋণের যে ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى صِحَّةِ مَا تَأَوَّلْنَا الدِّين الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

1023 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ بُجَيْرٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي حُيَيُّ ابن عَبْدِ اللَّهِ عَنِ الْحُبُلِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ كَانَ يَدْعُو:(اللَّهُمَّ اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وظُلْمَنَا وَهَزْلَنَا وَجِدَّنَا وعَمْدَنَا وَكُلُّ ذَلِكَ عِنْدَنَا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ غَلَبَة الدَّين وغَلَبَة العِبَاد وشماتة الأعداء)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1023 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

১০২৩. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু‘আ করতেন, اللَّهُمَّ اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وظُلْمَنَا وَهَزْلَنَا وَجِدَّنَا وعَمْدَنَا وَكُلُّ ذَلِكَ عِنْدَنَا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ غَلَبَة الدَّين وغَلَبَة العِبَاد وشماتة الأعداء (হে আল্লাহ, আপনি আমাদের পাপসমূহ, যুলুম, হাসি-ঠাট্টাচ্ছলে পাপ, ঐকান্তিক পাপ, ইচ্ছাকৃত পাপ এবং আমাদের সব পাপ ক্ষমা করে দিন। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাই ঋণের প্রাবল্যতা, বান্দাদের প্রাবল্যতা এবং বিপদে শত্রুদের খুশি হওয়া থেকে।)[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৮/২৬৫; হাকিম: ১/৫৩১; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১০/১৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (মুখতাসার আদাবুল মুফরাদ: ৫০৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন